

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ২০, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ : ৩ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ/১৭ মে, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৯৯-আইন/২০১৫।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, যে সকল করদাতা মোটর কার, জীপ বা মাইক্রোবাসের মালিক, তাহাদের মোটর কার, জীপ বা মাইক্রোবাসের মালিকানাভিত্তিক অনুমিত আয়কে, নিম্নবর্ণিত হারে, পদ্ধতিতে ও শর্তে অগ্রিম আয়কর প্রদান সাপেক্ষে, কর প্রদান করা হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা :—

১। প্রদেয় আয়করের হার হইবে নিম্নরূপ, যথা :—

ক্রমিক নং	গাড়ীর ধরন	প্রদেয় আয়করের হার
(ক)	১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য	টাকা ১৫,০০০
(খ)	২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য	টাকা ৩০,০০০
(গ)	২৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য	টাকা ৫০,০০০
(ঘ)	৩০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য	টাকা ৭৫,০০০

(৩৩৮৫)

মূল্য : টাকা ৪.০০

ক্রমিক নং	গাড়ীর ধরন	প্রদেয় আয়করের হার
(ঙ)	৩৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য	টাকা ১,০০,০০০
(চ)	৩৫০০ সিসির উপর প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য	টাকা ১,২৫,০০০
(ছ)	মাইক্রোবাস প্রতিটির জন্য	টাকা ২০,০০০:

তবে শর্ত থাকে যে, একক বা যৌথ মালিকানায় একের অধিক মোটর কার, জীপ বা মাইক্রোবাস থাকিলে, দ্বিতীয় বা তদূর্ধ্ব গাড়ীর ক্ষেত্রে প্রতিটির জন্য উপরি-উক্ত হারের অতিরিক্ত ৫০% হারে আয়কর প্রদেয় হইবে।

২। অনুচ্ছেদ ১ এর অধীন করদাতা মালিককে সংশ্লিষ্ট মোটর কার, জীপ বা মাইক্রোবাসের রেজিস্ট্রেশনের সময় অথবা ফিটনেস নবায়নের তারিখ উত্তীর্ণ হইবার পূর্বে উপরি-উক্ত হারে আয়কর প্রদান করিতে হইবে।

৩। অনুচ্ছেদ ১ ও ২ এর অধীন প্রদেয় আয়কর সংশ্লিষ্ট কর সার্কেলের উপ-কর কমিশনার এর বরাবর ইস্যুকৃত কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে।

৪। অনুচ্ছেদ ৩ এর অধীন ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জমা প্রদান না করা পর্যন্ত এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষ সংশ্লিষ্ট যানবাহনের রেজিস্ট্রেশন প্রদান করিবে না অথবা, ক্ষেত্রমত, ফিটনেস নবায়ন করিবে না।

৫। এই প্রজ্ঞাপনের অধীন আয়কর প্রদানকারীর আয় তাহার আয়কর রিটার্নে অন্তর্ভুক্ত করা যাইবে, তবে এইরূপ আয়ের জন্য অতিরিক্ত কর প্রদেয় হইবে না এবং এইরূপ আয়ের পরিমাণ করদাতা কর্তৃক প্রদত্ত আয়করের ক্ষেত্রে প্রযোজ্য মোট আয়ের বেশী হইবে না।

৬। এই প্রজ্ঞাপনের অধীন প্রদত্ত আয়কর করদাতার মোট আয়ের উপর প্রদেয় আয়করের সহিত সমন্বয় করা যাইবে।

৭। নিম্নবর্ণিত ক্ষেত্রে এই প্রজ্ঞাপন প্রযোজ্য হইবে না, যথা :—

- (ক) উক্ত Ordinance এর section 2 এর clause (46) অনুযায়ী ‘person’ এর অন্তর্ভুক্ত নহে এইরূপ প্রতিষ্ঠানের মালিকানাধীন মোটর কার, জীপ বা মাইক্রোবাস;
- (খ) পাবলিক বিশ্ববিদ্যালয়, বিদেশী দূতাবাস, জাতিসংঘ ও উহার অঙ্গ সংগঠনসমূহের মালিকানাধীন মোটর কার, জীপ বা মাইক্রোবাস;
- (গ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ২০ শে ভাদ্র ১৪১০/৪ঠা সেপ্টেম্বর ২০০৩ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং মুবিম/প্রঃ৩/মুক্তিযোদ্ধা/গেজেট/২০০৩/৪৭৯ অনুসারে গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের মালিকানাধীন মোটর কার, জীপ বা মাইক্রোবাস;

(ঘ) কোন প্রতিষ্ঠান করযোগ্য সভা নয় মর্মে জাতীয় রাজস্ব বোর্ড হইতে প্রত্যয়নপত্র সংগ্রহপূর্বক রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নিকট দাখিল করিলে উক্ত প্রতিষ্ঠানের মালিকানাধীন মোটর কার, জীপ বা মাইক্রোবাস।

৮। অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ০১ জুলাই ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৮৭-আইন/২০০৯ এতদ্বারা রহিত করা হইল এবং উক্ত রহিত প্রজ্ঞাপনের অধীন কৃত ও চলমান কার্যক্রম এই প্রজ্ঞাপনের অধীন কৃত ও চলমান বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান
সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd